# বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

জোনাল অফিস, বরিশাল।

বিষয় ঃ কর্পোরেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) অন্তর্ভুক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগনের সমন্বয়ে অবহিতকরন সভার কার্যবিবরনী।

| | |
|---|---|
| প্রধান অতিথিঃ | জনাব মোঃ আব্দুল মান্নান, ব্যবস্থাপনা পরিচালক। |
| বিশেষ অতিথিঃ | জনাব মোঃ খাইরুল ইসলাম, মহাব্যবস্থাপক। |
| সভাপতিঃ | জনাব এম এম জামিল আহম্মদ, জোনাল ম্যানেজার, বরিশাল। |
| সভার স্থানঃ | জোনাল অফিস, বরিশাল। |
| সভার তারিখঃ | ১০.১২.২০২২ ইং। |
| সভার সময়ঃ | দুপুর ১২.৩০ টা। |
| উপস্থাপকঃ | জনাব মোঃ আল-আমীন, শাখা ম্যানেজার, প্রধান শাখা অফিস বরিশাল। |
| অংশগ্রহনেঃ | সম্মানিত ঋণগ্রহীতা ও সেবাপ্রত্যাশী এবং স্টেকহোল্ডারবৃন্দ। |

## আলোচনা পর্বঃ

- সভাপতির অনুমতিক্রমে উপস্থাপকের সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়। সভায় শুরুতেই সভাপতি মহোদয় সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কে নিম্নোক্ত বিষয়গুলো সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেনঃ
- কর্পোরেশনের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা গ্রহীতা কর্তৃক সেবা প্রাপ্তির নিশ্চয়তা; অন্যথায় অভিযোগ দাখিলের সুযোগ।
- সেবা প্রদান প্রতিশ্রুতির অংশ হিসেবে স্বচ্ছতা ও জবাবদিহিতার গুরুত্ব।
- সংশ্লিষ্ট অফিস কর্তৃক সেবা গ্রহীতাদের সেবা পাওয়ার অধিকার নিশ্চিতকরন এবং প্রতিশ্রুত সেবা না পেলে অভিযোগ দায়েরের সুযোগ ও পদ্ধতি সম্পর্কে অবহিতকরন।
- জোনাল অফিস বরিশাল ও এর আওতাধীন সকল শাখা অফিস সমূহ ১০০ ভাগ দুর্নীতিমুক্ত এবং অত্র অঞ্চলের যে কোনো সেবা প্রতিষ্ঠানের তুলনায় হাউজ বিল্ডিং ফাইনান্স সর্বোত্তম সেবা প্রদান করে মর্মে সভাপতি মহোদয় সকলকে অবহিত করেন।
- এমডি মহোদয় এবং জিএম মহোদয় সভায় আগত সেবা প্রত্যাশীগন/সেবাগ্রহীতাদের কর্পোরেশন সম্পর্কে বিভিন্ন মতামত ও পরামর্শ সম্পর্কে অবগত হন এবং সেবা সংশ্লিষ্ট বিভিন্ন প্রশ্নের উপর উত্তর/মতামত প্রদান করেন। সভার আলোচনা পর্বের সারসংক্ষেপ নিম্নরূপঃ

| অফিস | গ্রহীতার নাম ও ফোন নম্বর | ঋন সম্পর্কিত তথ্য | অভিযোগ/পরামর্শ/মতামত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| জোনাল অফিস, | ০১. জনাব বাহাদুর শাহ (বরিশাল জেলা জজ কোর্ট আইনজীবী) ০১৭১৬-২৮৫৪৪০ | * ১.০০ কোটি টাকা ঋন গ্রহনে ইচ্ছুক। * সাময়িক আবেদন দাখিল করেছেন। | - এ পর্যন্ত প্রাপ্ত সেবার মান নিয়ে সন্তুষ্ট। - কোনো রকম হয়রানির শিকার হননি, ভবিষ্যৎতেও এই সেবা কামনা করেন। | - সকল কাগজপত্র সঠিক থাকা স্বাপেক্ষে সেবাপ্রত্যাশীর ফাইল ০১ সপ্তাহের মধ্যে সদর দফতরে ঋন মঞ্জুরীর উদেশ্যে পাঠানোর নির্দেশনা প্রদান |

| | | | | |
|---|---|---|---|---|
| বরিশাল | | | | করেন জিএম মহোদয়। |
| | ০২. জনাব আজমল হোসেন (সহকারী অধ্যাপক)<br>০১৭১২-২৯৫৭০০ | * ০.৬০ কোটি টাকা ঋন গ্রহনে ইচ্ছুক।<br>• ফরমাল আবেদন দাখিলের কার্যক্রম প্রক্রিয়াধীন। | -পূর্বের তুলনায় সেবার মান নিয়ে অত্যন্ত সন্তুষ্ট।<br>-পরিচিত জনের মাঝে উদাহরন দেয়ার মতো সেবা পেয়েছেন বলে মতামত জানান। | - সহকর্মী থেকে শুরু করে পরিচিত সকলকে আমাদের সেবা গ্রহনে উদ্বুদ্ধ করার পরামর্শ প্রদান করেন এমডি মহোদয়। |
| | ০৩. জনাব মেহেদী হাসান শুভ (সেকশন অফিসার)<br>-ঋনগ্রহীতার ছেলে।<br>০১৮১৬-২৮০৮৩১ | •ঋন কেইস নংঃ বার-২২০২৭২<br>*৫০.০০ লক্ষ টাকা ঋন গ্রহণ করেছেন।<br>*০৪ টি চেক নিয়েছেন, ০১ টি বাকী(০৬ লক্ষ টাকা) | -এককালীন টাকা জমা দিয়ে মাসিক কিস্তি কোনোভাবে কমানো যায় কিনা জানতে চেয়েছেন।<br>–কিস্তি শুরুর তারিখ মাসের ০৮-১০ তারিখে নিয়ে আসার প্রস্তাব রেখেছেন। | -এককালীন টাকা জমা করলে মাসিক কিস্তি অতিরিক্ত টাকা আসল থেকে এডজাস্ট হয় এবং গ্রাহক বেশি লাভবান হয়, তবে কোনো গ্রাহক চাইলে কিস্তি এডজাস্টমেন্ট এর সুযোগ আছে বলে এমডি মহোদয় কর্তৃক অবহিতকরন।<br>-দৈনিক ভিত্তিতে সুদ চার্য হওয়ায় মাস কোনোভাবেই ৮-১০ তারিখে শুরু করার সুযোগ নেই মর্মে জিএম মহোদয় কর্তৃক অবহিতকরন। |
| | ০৪. জনাব তাহমিনা ফেরদৌসী<br>০১৭৯১-৩২২২২৩ | •ঋন কেইস নংঃ বার-২২০২৫২<br>*২৩.০০ লক্ষ টাকা ঋন গ্রহণ করেছেন।<br>*০৫ টি চেক নিয়েছেন, | -এর আগেও লোন নিয়েছিলেন, তবে এইবারের মতো সেবা পাননি।<br>-কোনো অভিযোগ নেই। | -সামনে আরো দ্রুত এবং ভালো সেবা পাবেন বলে আশ্বস্ত করা হয়। |
| | ০৫. জনাব মোঃ আল-আমীন(ইঞ্জিনিয়ার)<br>০১৭১১-৭৮৪৩৭৪ | •ঋন কেইস নংঃ বার-২২০২৮৮<br>*৩০.০০ লক্ষ টাকা ঋন গ্রহণ করেছেন।<br>* চেক নেয়া নেয়া শুরু হয়নি। | -সাইড স্পেস, সামনে-পিছনের রাস্তার পরিমাপ সহ খুটিনাটি ব্যাপারে আরেকটু ছাড় দেয়ার পরামর্শ প্রদান করেন।<br>-একক ঋনে সিলিং বৃদ্ধির অনুরোধ। | -মেজর ভুল-ত্রুটি ব্যতীত অন্য বিষয় ছাড় দেয়ার সুযোগ আছে বলে জিএম মহোদয় অবহিত করেন, তবে কর্পোরেশনের স্বার্থবিরোধী কোনো সুযোগ প্রদান অসম্ভব বলেও তাকে অবহিত করা হয়।<br>-০১.০৭.২০২২ তারিখ হইতে সিলিং বৃদ্ধির ব্যাপারে গ্রহীতাকে এমডি মহোদয় অবহিত করেন। |

| | | | | |
|---|---|---|---|---|
| | ০৬. জনাব তাহমিনা খাতুন ০১৭১২-৮৬৩৩৩৬ | •ঋন কেইস নংঃ বার-২২০১৫১ •৫০.০০ লক্ষ টাকা ঋন গ্রহনের আবেদন করেছেন। •সদর দফতর হইতে ফাইল আপত্তি যোগে ফেরত এসেছে। | -সকল কাগজপত্রে জমির পরিমান ৫.৭৮ শতাংশ হলেও নামজারী এবং খাজনা দাখিলায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের গাফিলতির জন্য জমির পরিমান ৫.০০ শতাংশ দেয়া হয়েছে, এজন্য ফাইল ফেরত এসেছে সদর দফতর হইতে এ ব্যাপারে ছাড় দেয়ার অনুরোধ করেন। | - এ ব্যাপারে বিস্তারিত নোট সহকারে পুনরায় নথিটি সদর দফতরে প্রেরনের নির্দেশনা প্রদান করেন জেমডি মহোদয়। |
| জোনাল অফিস, বরিশাল | ০৭. জনাব মোঃ আব্দুল মান্নান -ঋন গ্রহীতার স্বামী ০১৭১১-৫৮৬৯৪৪ | •ঋন কেইস নংঃ বার-২২০০১১ •৪৫.০০ লক্ষ টাকা ঋন গ্রহন করেছেন। | -কাগজপত্রাদি কম নেয়ার এবং নির্মান ব্যয় বৃদ্ধির অনুরোধ করেন। -সেবার মানে সন্তুষ্ট। | -এ ব্যাপারে সকলে অবগত আছেন, সময়ের সাথে সময়োপযোগী সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে এমডি মহোদয় অবগত করেন। |

❖ কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ও সভার প্রধান অতিথি জনাব মোঃ আব্দুল মান্নান নিম্নোক্ত বিষয়গুলো সম্পর্কে সভায় উপস্থিত সকলকে অবহিত করেনঃ

- সেবা প্রদানের আরো স্বচ্ছতা এবং জবাবদিহিতা বাড়ানোর নির্দেশনা প্রদান।
- সিটিজেন চার্টার এর মাধ্যমে সঠিক ও প্রতিশ্রুত সেবা প্রদান।
- কর্পোরেশনের ওয়েবসাইট সম্পর্কে সাম্যক ধারনা প্রদান এবং সেবা প্রদানের ব্যাঘাত ঘটলে অভিযোগ দাখিলের পরামর্শ প্রদান।
- সর্বোপরি সেবা প্রদানকারী ও সেবা গ্রহনকারীর সেবা প্রাপ্তির ক্ষেত্রে সাম্যক ধারনা প্রদান এবং গুরুত্বারোপ।

❖ কর্পোরেশনের জিএম মহোদয় কর্পোরেশনের ঋনের সিলিং বৃদ্ধির ফলে গৃহ নির্মান কার্যক্রমে দেশের আরো অধিক লোকের অংশগ্রহন নিশ্চিত হবে মর্মে সভায় আশাবাদ ব্যক্ত করেন। এবং কর্পোরেশনের বিদ্যমান সেবার পাশাপাশি সেবার মান সহজীকরনে সকল সেবাপ্রত্যাশীগনের আরো অংশগ্রহন কামনা করেন। পরিশেষে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-

(জনাব এম এম জামিল আহম্মদ)

জোনাল ম্যানেজার।

জোনাল অফিস, বরিশাল।

তাংঃ ১০/১২/২২ ইং

সূত্র নংঃ ৫৩.১৪.০৬৫১.৩৬০.৯৯.০০১.২২

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে অনুলিপিঃ</u>

১.মহাব্যবস্থাপক, আদায় বিভাগ।

২. উপ-মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও মানব সম্পদ উন্নয়ন বিভাগ।

৩.উপ-মহাব্যবস্থাপক, মার্কেটিং ও ডেভেলপমেন্ট বিভাগ।

৪.শাখা ম্যানেজার(প্রধান শাখা বরিশাল, ভোলা, পটুয়াখালী ও পিরোজপুর)।

৫. অফিস কপি।

10.12.2022

এম এম জামিল আহম্মদ
জোনাল ম্যানেজার
জোনাল অফিস, বরিশাল।